

‘৩৫ বছরে বাংলাদেশ’

মুক্তমনার সৌজন্যে ডয়চে ভেলে বাংলার এই বিশেষ আয়োজন চলবে ১৬ই ডিসেম্বর ২০০৫ থেকে ২৬শে মার্চ ২০০৬ পর্যন্ত।

বাংলাদেশ স্পর্ধায় বেড়ে ওঠা দক্ষিণ এশিয়ার এক ব-দ্বীপ। বৃটিশ উপনিবেশ আর পাকিস্তানী শাসনের দীর্ঘ অবরোধের পর তীব্র জন আন্দোলনের মাঝ দিয়ে ১৯৭১ সালে সংগঠিত হয় এক জনযুদ্ধ। নয়মাস মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে বৈশ্বিক মানচিত্রে বাংলাদেশ নামটি লেখা হয়।

আসছে ২৬ মার্চ বাংলাদেশের স্বাধীনতার ৩৫ বছর পূর্ণ হচ্ছে।

আজ ৩৪তম বিজয় দিবসে কী ভাবছে জনমানুষ তাই তুলে ধরা হচ্ছে আজকের আয়োজনে।

বাংলাদেশের ৩৫ বছর ডয়চেভেলের ধারাবাহিক পরিবেশনার প্রথমদিনে ক্ষমতা কাঠামো কিংবা সুশীল সমাজের স্পটলাইটের বাইরে প্রান্তিক ক্ষমতাহীন মানুষের বাংলাদেশ ভাবনা তুলে ধরারই শ্রেয়। যে সহজ সত্য একজন সাধারণ নাগরিক তার জীবন দিয়ে উপলব্ধি করেন, তা সম্ভবত পলিসি মেকারেরা তাদের বাই ফোকাল লেন্সের মাঝ দিয়ে দেখতে পাননা।

আব্দুল্লাহ আল-ফারুক, মাসকাওয়াথ আহসান

নিচের লেখাটিতে ক্লিক করে অনুষ্ঠান শোনার আমন্ত্রন রইলো।

